দৈনিক ইত্তেফাক

137

তারিখ ... DEC. 20 1999.
পৃষ্ঠা ৪ কলাম ৭

# দাদাভাই এবং পাংশা আইডিয়াল গার্লস কলেজ

রোকনুজ্জামান খান দাদাভাইয়ের আকস্মিক তিরোধান আমাদের সকলকে দারুণভাবে ব্যথিত করিয়াছে। দাদাভাই বহুগুণে গুণান্বিত অনন্য এক ব্যক্তিত্ব। জন্মগ্রহণ করেন তৎকালীন ফরিদপুরের পাংশা থানার এক অখ্যাত গ্রামে এবং তাঁহার শৈশব-কৈশোর কাটিয়াছিল পাংশাতেই। পাংশার মাটি ও মানুষের সহিত ছিল তাঁহার অচ্ছেদ্য সম্পর্ক। পাংশাকে তিনি কখনো ভুলিতে পারেন নাই। তাই জীবনের শেষ মুহূর্তেও পাংশাবাসীকে ঋণে আবদ্ধ করিয়া গেলেন নারী শিক্ষার জন্য পাংশায় প্রতিষ্ঠিত আইডিয়াল গার্লস কলেজকে জমি দানের মাধ্যমে। নারী শিক্ষা বিস্তারের লক্ষ্যে প্রতিষ্ঠিত অত্র কলেজের জন্য গত সেপ্টেম্বর মাসে তিনি এক একর দশ শতাংশ জমি দান করেন। ইতিমধ্যে স্থানীয় দুই বিদ্যানুরাগী দুইটি ভবন নির্মাণে কাজ শুরু করিয়াছেন। এই বৎসরই বিজ্ঞান, বাণিজ্য ও মানবিক শাখায় শতাধিক ছাত্রী ভর্তি হইয়াছে এবং কলেজের অনুমতির জন্য যথারীতি ঢাকা বোর্ড সমীপে আবেদনও করা হইয়াছে। এজন্য কর্তৃপক্ষ কর্তৃক দুইবার কলেজটি সরেজমিনে পরিদর্শন করা হয়। আইডিয়াল গার্লস কলেজের অনুকূলে জমি দান নিঃসন্দেহে দাদাভাইয়ের নারী শিক্ষার প্রতি গভীর অনুরাগেরই বহিঃপ্রকাশ। দাদাভাইয়ের বিদেহী আত্মার শান্তি বিধান এবং তাঁহার অন্তিম ইচ্ছা বাস্তবায়নে অত্র কলেজকে অনুমতি প্রদান করিতে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মুহম্মদ আবদুল ওয়াহাব,
অধ্যক্ষ,
আইডিয়াল গার্লস কলেজ,
পাংশা, রাজবাড়ী।